গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী,
ঢাকা-১২১২

নম্বর ৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.৩২২ তারিখ: ১৪ জুলাই ২০২১

সড়কে গণপরিবহন ও সকল প্রকার যানবাহন চলাচলে বিধি-নিষেধ আরোপ বিষয়ক জরুরি বিজ্ঞপ্তি।

বিষয়: **১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত থেকে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত সড়কে গণপরিবহন ও সকল প্রকার যানবাহন চলাচল এবং ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত গণপরিবহন ও সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ প্রসঙ্গে।**

পবিত্র ঈদুল আযহা উদযাপন, জনসাধারণের যাতায়াত, ঈদ পূর্ববর্তী ব্যবসা-বাণিজ্য পরিচালনা, দেশের আর্থ-সামাজিক অবস্থা এবং অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৩ জুলাই ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ নং পত্রের মাধ্যমে পূর্বের সকল বিধি-নিষেধ **১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত থেকে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত** শিথিল করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত পত্রের অনুবৃত্তিক্রমে এবং সড়ক পরিবহন ও মহাড়সক বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪. ১৫-৭২০ ও ১৪ জুলাই ২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৩১৬ স্মারকমূলে জারিকৃত পত্রের নির্দেশনা মোতাবেক **১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত থেকে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত** সড়কে গণপরিবহন ও সকল প্রকার যানবাহন নিম্নোক্ত শর্তসাপেক্ষে চলাচল করতে পারবে:

- একজন যাত্রীকে বাস/মিনিবাসের পাশাপাশি দুইটি আসনের একটি আসনে বসিয়ে অপর আসনটি অবশ্যই ফাঁকা রাখতে হবে। স্বাস্থ্য বিধি অনুসারে শারিরীক ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।আড়াআড়িভাবে আসন বিন্যাস করতে হবে। সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে উল্লেখিত মোট আসন সংখ্যার অর্ধেকের বেশী যাত্রী বহন করা যাবে না;
- সমন্বয়কৃত ভাড়ার (বিদ্যমান ভাড়ার ৬০% বর্ধিত ভাড়ার) অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না;
- গণপরিবহনে যাত্রী, চালক, সুপারভাইজার/কন্ডাক্টর, হেলপার এবং টিকেট বিক্রয় কেন্দ্রের দায়িত্বে নিয়োজিতদের মাস্ক পরিধান/ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং তাদের জন্য হ্যান্ড সেনিটাইজারের ব্যবস্থা রাখতে হবে;
- যাত্রার শুরু ও শেষে বাস-মিনিবাসগুলো পরিস্কার-পরিচ্ছন্নসহ জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে; এছাড়াও যানবাহনের মালিকগণকে যাত্রীগণের হাতব্যাগ, মালপত্র জীবাণুনাশক ছিটিয়ে জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে; এবং
- সারিবদ্ধভাবে দাঁড়িয়ে সামাজিক দূরত্ব বজায় রেখে গণপরিবহনে যাত্রী উঠা-নামা করতে হবে।

২। করোনা সংক্রমণ বিস্তার রোধে সরকারের অন্যান্য নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৩। এছাড়াও, করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগের উপরে বর্ণিত পত্রের অনুবৃত্তিক্রমে এবং সড়ক পরিবহন ও মহাড়সক বিভাগের উপরে বর্ণিত স্মারকের নির্দেশনা মোতাবেক **২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা**

পর্যন্ত সড়কে গণপরিবহন ও সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ থাকবে:

- তবে, আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন- কৃষি পণ্য ও উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহন/বিক্রয়, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, জাতীয় পরিচয়পত্র (এন আই ডি) প্রদান কার্যক্রম, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবা, ব্যাংক, ভিসা সংক্রান্ত কার্যক্রম, সিটি কর্পোরেশন/পৌরসভা (পরিস্কার-পরিচ্ছন্নতা, সড়কের বাতি ব্যবস্থাপনা কার্যক্রম), সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ফার্মেসি ও ফার্মাসিউটিক্যালসসহ অন্যান্য জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহের কর্মচারী ও যানবাহন প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে যাতায়াত করতে পারবে;
- জরুরি পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লরি/কাভার্ড ভ্যান এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- বিদেশগামী যাত্রীগণ তাদের আন্তর্জাতিক ভ্রমণের টিকেট/প্রমাণক প্রদর্শন করে গাড়ি ব্যবহারপূর্বক যাতায়াত করতে পারবেন।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

১৪-৭-২০২১
শীতাংশু শেখর বিশ্বাস
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ফোন: ০২-৫৫০৪০৭১৬
ফ্যাক্স: +৮৮-০২-৫৫০৪০৭১২
ইমেইল: de@brta.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ফনিক্স রোড,ফুলবাড়িয়া, ঢাকা।
২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রো পলিটন পুলিশ, রমনা, ঢাকা।
৩) অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪, শাহজালাল এভিনিউ, , সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০।
৪) পুলিশ কমিশনার, ...(সকল)
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, ...(সকল সিটি কর্পোরেশন)
৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৭) জেলা প্রশাসক, ..., (সকল জেলা)।
৮) পুলিশ সুপার, ...,(সকল জেলা)।
৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০) উপপ্রধান তথ্য অফিসার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
১১) উপপরিচালক(ইঞ্জি:), ঢাকা-১২১৬।/চট্টগ্রাম।/রাজশাহী।/খুলনা।/সিলেট।/বরিশাল।/রংপুর।
১২) মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
১৩) চেয়ারম্যান, বাংলাদেশ বাস/ট্রাক ওনার্স এসোসিয়েশন, আহসানউল্লা ভবন, ২৫৭/ক, বাগবাড়ী দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
১৪) সভাপতি/সাধারণ সম্পাদক,বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতি , তেজগাঁও, ঢাকা।
১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
১৬) সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ.............................. সার্কেল, ...(সকল)।
১৭) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর শাখা, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮) চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯) ব্যবস্থাপনা পরিচালক , উবার বাংলাদেশ লিমিটেড, বাড়ি নং- ৩৬, রোড নং-সোনারগাঁও জনপথ রোড, উত্তরা, ঢাকা।
২০) ব্যবস্থাপনা পরিচালক , পাঠাও লিমিটেড, সিডব্লিউএন(এ)(৭ম তলা), রোড # ৪৯, কামাল আতাতুর্ক এভিনিউ, গুলশান, মডেল টাউন, ঢাকা-১২১২।
২১) ব্যবস্থাপনা পরিচালক, ওভাই সলিউশনস লিমিটেড, জাহাঙ্গীর টাওয়ার (৫ম তলা), ১০, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
২২) ব্যবস্থাপনা পরিচালক, সহজ লিমিটেড, আনুস্কা ভবন (৬ষ্ঠ তলা), প্লট # ২৩, রোড # ০১, মিরপুর, ঢাকা।
২৩) ব্যবস্থাপনা পরিচালক, যাত্রী সার্ভিসেস লিমিটেড, ১/এ, সেনপাড়া পর্বতা, শাহ আলী প্লাজা, দোকান নং-২২ (৪র্থ) তলা, মিরপুর-১০, ঢাকা।
২৪) ব্যবস্থাপনা পরিচালক, ডিজিটাল রাইড লিঃ, ১/এ, সেনপাড়া, রুম নং-১০০৫, ফ্লোর নং-১০, শাহ আলী প্লাজা, মিরপুর-১০, ঢাকা-১২১৬।